

একাদশ শ্রেণীতে ভর্তির আবেদন সময় বাড়লো দুই দিন

নিজস্ব বার্তা পরিবেশক

: মঙ্গলবার, ১১ জুন ২০২৪



একাদশ শ্রেণীতে ভর্তির আবেদনের সময় দুই দিন বাড়ানো হয়েছে। বর্ধিত সময় অনুযায়ী ১৩ জুন পর্যন্ত অনলাইনে কলেজে একাদশ শ্রেণীতে ভর্তির আবেদন করা যাবে। গতকাল সন্ধ্যা পর্যন্ত প্রায় ১৩ লাখ শিক্ষার্থী অনলাইনে ভর্তির আবেদন করেছে বলে আন্তঃশিক্ষা বোর্ডের কর্মকর্তারা জানিয়েছেন।

গত ২৬ মে সকাল ৯টা থেকে অনলাইনে একাদশ শ্রেণীতে ভর্তির আবেদন শুরু হওয়ার কথা থাকলেও ‘সার্ভার জটিলতার’ কারণে দু’দিন দেরিতে তা শুরু হয়। পূর্ব ঘোষণা অনুযায়ী, আবেদনের শেষ সময় ১১ জুন (আজ)। সময় বৃদ্ধির ফলে এখন আরো দু’দিন সময় পেলো শিক্ষার্থীরা। এবারও ফলাফলের ভিত্তিতে অনলাইনে ভর্তির আবেদন নেয়া হচ্ছে।

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার গতকাল সন্ধ্যায় সংবাদকে বলেন, ‘প্রথম দিকে সার্ভারে একটু সমস্যা হয়েছিল। এ কারণে ১৩ জুন পর্যন্ত আবেদনের সময় বাড়ানো হয়েছে।’

এ পর্যন্ত কতজন শিক্ষার্থী অনলাইনে আবেদন করেছে জানতে চাইলে তিনি বলেন, ‘১৩ লাখের কাছাকাছি শিক্ষার্থী আবেদন করেছে।’

শিক্ষার্থীদের এসএসসি বা সমমানের পরীক্ষার ফলের ভিত্তিতে কলেজে ভর্তি করা হবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে, তার মধ্য থেকে তার মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

ভর্তির আবেদনের ক্ষেত্রে ১ জুন থেকে আবেদন ফি পরিশোধ না করলেও নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন ফি পরিশোধ করার শর্তে ভর্তি আবেদন করতে পারছিল শিক্ষার্থীরা। সেই সুবিধা বাতিল করা হয়েছে।

এখন আবেদন করার আগেই ফি পরিশোধ করতে হবে। স্মার্ট ভর্তি পোর্টালে ঢুকে সোনালি সেবা বা এসএসএল কমার্জ গেটওয়ের মাধ্যমে আবেদন ফি পরিশোধ করতে হবে। পোর্টালে সমস্যা হলে বিকাশের মাধ্যমে আবেদন ফি পরিশোধ করতে হবে।

এ বিষয়ে তপন কুমার সরকার বলেন, ‘পেমেন্ট (আবেদন ফি) পরিশোধে প্রথমদিকে একটু সমস্যা হয়েছিল। এখন তা নেই।’ গত ১২ মে এবারের এসএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হয়। এবার মোট ১৬ লাখ ৭২ হাজার ১৫৩ জন শিক্ষার্থী পাস করেছে; পাসের হার ৮৩ দশমিক ০৪ শতাংশ। এর মধ্যে এক লাখ ৮২ হাজার ১২৯ জন জিপিএ-৫ পেয়েছে।

আন্তঃশিক্ষা বোর্ডের তথ্য অনুযায়ী, সারা দেশের কলেজ ও সমস্তরের শিক্ষাপ্রতিষ্ঠানে একাদশ শ্রেণীতে ২৫ লাখের মতো আসন রয়েছে।

ভর্তিযোগ্য আসনের তুলনায় প্রায় আট লাখ শিক্ষার্থী কম এসএসসি ও সম্মানে উত্তীর্ণ হয়েছে। সেই হিসেবে এসএসসি পাস সবাই কলেজে ভর্তি হলেও আট লাখের বেশি আসন খালি থাকবে।